

ক্রঃ নং	উপজেলা	ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন	শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা		
			.....	ওয়ার্ড	
১৩৯	দিরাই	করিমপুর	নাচনী	(ওয়ার্ড নং-৭,৮,৯)	
১৪০			বদলপুর	(ওয়ার্ড নং-১,২,৩)	
১৪১			সাকিন্তপুর	(ওয়ার্ড নং-৪,৫,৬)	
১৪২			নগদীপুর	(ওয়ার্ড নং-১,২,৩)	
১৪৩		জগদল	জগদল	(ওয়ার্ড নং-৪,৫,৬)	
১৪৪			কলিয়ারকাফন	(ওয়ার্ড নং-৭,৮,৯)	
১৪৫		তাড়ল	তাড়ল	(ওয়ার্ড নং-১,২,৩)	
১৪৬			বাউসী	(ওয়ার্ড নং-৭,৮,৯)	
১৪৭			টংগর	(ওয়ার্ড নং-১,২,৩)	
১৪৮		কুলঞ্জ	কুলঞ্জ	(ওয়ার্ড নং-৪,৫,৬)	
১৪৯			নিজগাঁও	(ওয়ার্ড নং-১,২,৩)	
১৫০		শাল্লা	আনন্দপুর	আনন্দপুর	(ওয়ার্ড নং-১,২,৩)
১৫১				শাসকাই	(ওয়ার্ড নং-৪,৫,৬)
১৫২			মাকুলী	(ওয়ার্ড নং-৭,৮,৯)	
১৫৩	বাহাড়া		(ওয়ার্ড নং-১,২,৩)		
১৫৪	ঘুজিয়াগাঁও		(ওয়ার্ড নং-৪,৫,৬)		
১৫৫	মনুয়া		(ওয়ার্ড নং-৪,৫,৬)		
১৫৬	শাল্লা		(ওয়ার্ড নং-৭,৮,৯)		

শর্তাবলী:

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।  
(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা:

- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
- নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবেঃ তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, পো-খাদ্য, মার্ছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;
- বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
- আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
- আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
- আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
- আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঘ) অযোগ্যতা:

- ইতিপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতিপূর্বে ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
- কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;
- সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে; এবং

৬